COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

BENGALI

আধুনিক বাংলা কবিতা

CORE-11

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) গীতিকবিতার উদ্ভব হয়েছিল কোন দেশে ?

(খ) 'ওডিসি' কী ধরনের মহাকাব্য ?

(গ) 'আট বছর আগের একদিন' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঘ) 'ইম্প্রেশনিজম'-এর বাংলা প্রতিশব্দ কী ?

(ঙ) একটি প্যারোডি জাতীয় রচনার নাম লেখো।

(চ) বন্দনা সংগীত কোথা থেকে গাওয়া হবে ?

(ছ) 'মোর আপনারে আমি নবজন্ম করেছি দান'– কোন কবিতার লাইন ?

(জ) 'বাবরের প্রার্থনা' কবিতাটির রচনাকাল কত ?

(ঝ) নিও-ক্লাসিক যুগ কোন সময়কে বলা হয় ?

(ঞ) শূন্যস্থান পূরণ করো–

"এখন খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
_____ ডাকে : আয় আয় আয়"।

(ট) 'উটপাখি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঠ) 'রিয়ালিজম' কাকে বলে ?

(ড) 'সাধের আসন' কী জাতীয় রচনা ?

(ঢ) কোন রচনার মধ্য দিয়ে রোমান্টিসিজমের সূত্রপাত বলে ধরা হয় ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটির*** ওপর সংক্ষিপ্ত টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) ইম্প্রেশনিজম

(খ) লিমেরিক

(গ) পত্রকাব্য।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'বাংলা ভাষা উচ্চারিত হলে' কবিতায় বাংলার পল্লীপ্রকৃতি ও পল্লী জীবনের যে চিত্রকল্প ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) সনেট কাকে বলে ? সংক্ষেপে সনেটের নির্মাণ রীতি আলোচনা ক'রে দৃষ্টান্তযোগে সনেটের বৈশিষ্ট্য উল্লেখ করো।

(গ) সুররিয়ালিজম-এর সাধারণ বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'টপ্পা-ঠুংরি' কবিতার নামকরণ কতটা সার্থক– তোমার মতের সপক্ষে যুক্তি দাও।

(খ) 'পদাতিক' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) মহাকাব্য কাকে বলে ? শ্রেণীবিভাগ উল্লেখ করে মহাকাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করো।

——×——